# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**21-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে আসন্ন প্রথম দফার বিধানসভা নির্বাচনের প্রচারাভিযান আজ বিকেলে শেষ হচ্ছে। শেষ লগ্নে, ভোটারদের মন জয়ের চেষ্টায় সামিল তারকা প্রচারকরা।

২/ উত্তরবঙ্গে গোর্খা সমস্যার সমাধান একমাত্র বিজেপিই করতে পারে বলে মন্তব্য করেছেন বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিজেপির আমলেই লাগাতার একাধিক নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বেড়েছে বলে অভিযোগ করেছেন তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়।

৩/ রাজ্যে প্রথম দফার ভোটের আগে জামিন অযোগ্য গ্রেফতারি পরোয়ানা কার্যকর করতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। আজ থেকে সব বুথে শুরু ওয়েবকাস্টিং-এর ট্রায়াল রান।

৪/ এস আই আর প্রক্রিয়ায় লজিক্যাল ডিসক্রিপেন্সির কারণে বাদ পড়া ভোটারদের প্রথম দফার ভোটের জন্য সর্বশেষ তালিকায় নাম ওঠার আজই শেষ দিন।

৫/ সল্টলেকের আনন্দলোক হাসপাতালের আগুন এখন নিয়ন্ত্রণে। সব রোগীকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

৬/ দক্ষিণবঙ্গে চলতি সপ্তাহে তাপপ্রবাহ এবং উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে। উত্তরবঙ্গে প্রতিদিনই বৃষ্টির পূর্বাভাস।

oooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা আজ বিকেলে শেষ হচ্ছে। এর সঙ্গেই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। ভোটারদের মন জয়ে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা নেত্রীরা মিটিং, মিছিল জনসভার মাধ্যমে আজও জোরদার প্রচার চালাচ্ছেন।

উল্লেখ্য, রাজ্যে প্রথম দফার ভোটগ্রহণ ২৩-শে এপ্রিল।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ রাজ্যে চারটি জনসভা করবেন। উত্তরবঙ্গের ৮-টি বিধানসভা আসনের দলীয় প্রার্থীদের সমর্থনে শিলিগুড়ির সুকনা স্পোর্টস্ গ্রাউন্ডে জনসভায় শ্রী শাহ্ বলেন, বিজেপি একমাত্র গোর্খা সমস্যার সমাধান করতে পারে। গোর্খা আন্দোলনের সময় তৃণমূল কংগ্রেস যে মিথ্যে মামলা দায়ের করেছে, তাও ক্ষমতায় আসলে প্রত্যাহার করে নেওয়া হবে বলে তিনি জানান।

(বাইট শাহ্ – গোর্খা)

শ্রী শাহ্ জিটিএ-র দুর্নীতি নিয়েও তদন্তের আশ্বাস দিয়েছেন। রাজ্যে পরিবর্তনের ডাক দিয়ে তিনি বলেন এবারের নির্বাচন মা-বোনেদের সুরক্ষার লড়াই। ক্ষমতায় এলে পশ্চিমবঙ্গের ধর্ষকদের জেলে পাঠানো হবে বলেও স্পষ্ট জানিয়েছেন শ্রী শাহ্। এরপর তিনি পশ্চিম বর্ধমানের কুলটি, পশ্চিম মেদিনীপুরের শালবনী এবং পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে আজ নির্বাচনী প্রচারে যোগ দেবেন।

অন্যদিকে, আজ একাধিক নির্বাচনী কর্মসূচি রয়েছে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির। পূর্ব মেদিনীপুরের হলদিয়া, উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর ও জগদ্দল এবং কলকাতার জোড়াসাঁকোতে সংশ্লিষ্ট বিধানসভার দলীয় প্রার্থীদের সমর্থনে সভা করছেন তিনি।

দলের নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ বড়জোড়া, ঝাড়গ্রাম এবং ভাতারে সংশ্লিষ্ট কেন্দ্রের দলীয় প্রার্থীদের সমর্থনে সভা প্রচার সারছেন। বড়জোড়ার সভা থেকে তিনি বিজেপির বিরুদ্ধে আক্রমণ শানিয়ে বলেন, রাজ্যে উন্নয়নমূলক প্রকল্প কার্যকর করার

ক্ষেত্রে কেন্দ্র কোনও ভূমিকা নেয়নি। বিজেপির আমলেই নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বিপুল পরিমাণ বেড়েছে বলে অভিযোগ করেন তিনি।

বাইট – অভিষেক

অন্যদিকে বামফ্রন্ট, কংগ্রেস, আইএসএফ সহ অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও আজ প্রচার চালানো হচ্ছে।

নদীয়ার নাকাশি পাড়ায় এক রোডশো-এ যোগে দেন আই এস এফ নেতা নওসাদ সিদ্দিকি। একাধিক জনসভার কর্মসূচী রয়েছে তাঁর।

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, রাসবিহারি ও বেহালা পূর্ব এবং পশ্চিমের প্রার্থীদের হয়ে জনসভা করবেন। কাঁকুরগাছি মোড়ে এক জনসভায় বক্তব্য রাখবেন প্রবীণ বাম নেতা বিমান বসু সহ অন্যরা।

oooooooooooooooooooo

ভোটের আগে মোটরবাইক চলাচল নিয়ন্ত্রিত করতে নির্বাচন কমিশন কড়া পদক্ষেপ নিচ্ছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা নির্দেশিকায় ভোটের দু'দিন আগে থেকেই মোটরবাইক চলাচলে একাধিক নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

নির্দেশ অনুযায়ী, ভোটের ৪৮ ঘণ্টা আগে থেকে কোনও ধরনের বাইক র‍্যালি বা মোটর সাইকেল মিছিল সম্পূর্ণ নিষিদ্ধ। পাশাপাশি ওই সময় থেকে রাত ৬টা থেকে সকাল ৬টা পর্যন্ত মোটরবাইক চলাচলেও জারি থাকছে নিষেধাজ্ঞা। তবে জরুরি চিকিৎসা বা পারিবারিক প্রয়োজনের ক্ষেত্রে এই নিয়মে ছাড় থাকবে।

পাশাপাশি ভোটের দু'দিন আগে সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মোটরবাইকের পিছনে কোনও আরোহীকে বসানো যাবে না। যদিও স্কুল পড়ুয়া বা রোগীদের ক্ষেত্রে এই নিয়ম শিথিল করা হয়েছে।

ভোটের দিন সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত শুধুমাত্র পরিবার নিয়ে ভোট দিতে যাওয়া বা জরুরি প্রয়োজনে পিলিয়ন রাইডিংয়ের অনুমতি দেওয়া হয়েছে।

নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, বিশেষ প্রয়োজনে ছাড় পেতে হলে সংশ্লিষ্ট থানার কাছ থেকে লিখিত অনুমতি নিতে হবে। জেলা প্রশাসন ও পুলিশকে এই বিধিনিষেধ কড়াভাবে কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার ভোটের আগে জামিন অযোগ্য গ্রেফতারি পরোয়ানা কার্যকর করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। যাঁদের বিরুদ্ধে এই ধরনের পরোয়ানা রয়েছে, তাঁদের আজকের মধ্যেই সংশ্লিষ্ট থানায় গিয়ে আত্মসমর্পণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে হাজিরা না দিলে পুলিশ সরাসরি গিয়ে তাঁদের গ্রেপ্তার করবে বলে জানানো হয়েছে। ইতিমধ্যেই এই ধরনের ৪ হাজার ব্যক্তির তালিকা প্রস্তুত করা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। ভোটের আগে সম্ভাব্য অশান্তি রুখতেই এই পদক্ষেপ।

ooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার ভোটের প্রেক্ষিতে আজ থেকে সব বুথে ওয়েবকাস্টিং ব্যবস্থার ট্রায়াল রান শুরু হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে এই প্রক্রিয়া পরিচালনা করা হচ্ছে। সেখানে একসঙ্গে কাজ করছেন কেন্দ্রীয় বাহিনী, কলকাতা পুলিশ এবং রাজ্য পুলিশের একজন করে আধিকারিক। তাঁদের সঙ্গে থাকছেন কমিশনের প্রতিনিধিরাও। জানা গিয়েছে, গোটা প্রক্রিয়াটি নির্বিঘ্নে চালাতে আট ঘণ্টার শিফটে দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। এই ট্রায়াল রানের প্রতিটি পর্যায়ে দিল্লি থেকে সরাসরি পর্যবেক্ষণ করছে নির্বাচন কমিশন।

ভোটের দিন যাতে কোনও প্রযুক্তিগত ত্রুটি বা নিরাপত্তা ঘাটতি না থাকে, সে জন্যই এই আগাম প্রস্তুতি। বুথভিত্তিক নজরদারি আরও জোরদার করা এবং স্বচ্ছ ভোট প্রক্রিয়া নিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬ শে এপ্রিল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৩-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'মহিলা ক্ষমতায়ন ও সংরক্ষণ'। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার প্রাক্তন অধ্যাপক সুজয়া বসুর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর প্রক্রিয়ায় লজিকাল ডিসক্রিপেন্সির কারণে বাদ পড়া ভোটারদের প্রথম দফার ভোটের জন্য সর্বশেষ তালিকায় নাম ওঠার আজই শেষ দিন। অ্যাপিলেট ট্রাইব্যুনালে ছাড়পত্র পাওয়া ভোটারদের নাম সংক্রান্ত তালিকা আজ প্রকাশ করা হতে পারে। সর্বোচ্চ আদালতের নির্দেশ মেনেই নির্বাচন কমিশন, তালিকা প্রকাশ করবে। এর প্রেক্ষিতে জোকায় ট্রাইব্যুনালের দপ্তরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এদিকে গতকাল ট্রাইব্যুনাল ঠিকঠাক কাজ করছে না বলে অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করায় প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ তীব্র অসন্তোষ ব্যক্ত করেন। এব্যাপারে হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের বক্তব্যও জানতে চেয়েছে শীর্ষ আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে প্রথম দফার ভোটগ্রহণ সংক্রান্ত কাজকর্ম এবং ভোট প্রস্তুতি পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজও জেলা সফর করছেন। গতকাল মালদা ও উত্তরদিনাজপুরে প্রশাসন ও পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠকের পর রাতে কোচবিহারে যান তিনি। জেলাশাসকের দপ্তরে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে মত বিনিময় করেন শ্রী আগারওয়াল। কেউ কোন ঝামেলার চেষ্টা করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে স্পষ্ট জানানো হয়েছে। শ্রী আগরওয়াল বলেন, নির্বাচনের দিন আধিকারিকরা তাদের ফোন বন্ধ

করে রাখলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। পোলিং পার্টিকে হুমকি দিলে কেন্দ্র বাহিনীর বিরুদ্ধেও পদক্ষেপ করা হবে বলে তিনি জানিয়েছেন।

(বাইট- মনোজ আগরওয়াল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে প্রথম দফা বিধানসভায় নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জেলা সফর করছেন। একটু আগে তিনি পৌঁছেছেন মেদিনীপুর শহরে। এদিন দুপুরে শহরের স্থায়ী হেলিপ্যাডে অবতরণ করার পর তিনি সার্কিট হাউসের উদ্দেশে রওনা দেন। আজ তাঁর জেলা প্রশাসনের আধিকারিক, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি এবং নির্বাচনের সঙ্গে যুক্ত সমস্ত প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে দফায় দফায় বৈঠক করার কথা রয়েছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্রের দেউলী এলাকায় আই এস এফ প্রার্থী আরাবুল ইসলামের গাড়িতে হামলার ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। আজ দুপুরে প্রচারে যাওয়ার সময় তাঁর গাড়ির পথ আটকে একদল দুষ্কৃতী ভাঙচুর চালায় বলে অভিযোগ। লাঠি এবং ইটের আঘাতে গাড়ির কাঁচ ভেঙে যায়। কয়েকজন কর্মী-সমর্থক আহত হন। এই হামলা পূর্বপরিকল্পিত বলে দাবি করেছে আই এস এফ।

এই ঘটনার প্রতিবাদে ক্ষুব্ধ কর্মীরা বাসন্তী রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান, ফলে যান চলাচল ব্যাহত হয়। পরে পুলিশ পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও এখনও উত্তেজনা বজায় রয়েছে।

oooooooooooooooooooooo

সল্টলেকের করুণাময়ীর আনন্দলোক হাসপাতালে আজ সকালে আগুন লাগে। দমকলের চারটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। সব রোগীকে বাইরে নিরাপদে বের করে আনা হয়েছে। হতাহতের কোনও খবর নেই। হাসপাতালের একটি ল্যাবরেটরিতে আগুন লেগেছিল বলে প্রাথমিক খবর। আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে।

ooooooooooooooooooooo

মুর্শিদাবাদের বেলডাঙায় পরিযায়ী শ্রমিক মৃত্যুকে কেন্দ্র করে অশান্তির ঘটনায় বিশেষ এন আই এ আদালতের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া মামলা থেকে সরে দাঁড়ালেন কলকাতা হাইকোর্টের দুই বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং অপূর্ব সিনহা রায়ের ডিভিশন বেঞ্চ। ফলে সংশ্লিষ্ট মামলাটি প্রধান বিচারপতির কাছে ফেরত গেল।

এর আগে কলকাতায় এন আই এ-র বিশেষ আদালত বেলডাঙায় হিংসার ঘটনায় গ্রেফতার হওয়ার ১৫ জনকে সম্প্রতি জামিন দেয়। নির্দিষ্ট সময়ের মধ্যে এন আই এ চার্জশিট দাখিল করতে পারেনি বলে জামিনের কারণ হিসেবে উল্লেখ করা হয়। এই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে দ্বারস্থ হয়েছিল এন আই এ। বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় বলেছেন, এই মামলায় UAPA ধারা লাগু হবে কিনা – সেই সিদ্ধান্ত গ্রহণ করবেন প্রধান বিচারপতি। সে কারণেই তিনি এই মামলা থেকে অব্যাহত চেয়েছেন।

ooooooooooooooooooooo

শুষ্ক পশ্চিমী এবং উত্তর পশ্চিমি বায়ু প্রবাহের কারণে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় চলতি সপ্তাহে তাপপ্রবাহ এবং উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে। পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলায় আজ কোথাও কোথাও তাপমাত্রা ৪০ ডিগ্রি বা তার বেশি থাকতে পারে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ ডিগ্রি সেলসিয়াস প্রায় স্বাভাবিক। তবে, স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ সঞ্চার হওয়ার ফলে কোথাও কোথাও হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে। এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহার কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় চলতি সপ্তাহে প্রায় প্রতিদিনই বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

oooooooooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং,চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হবে। চেন্নাইয়ের জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। চেন্নাই ৮ ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করেছে। মহামেডান স্পোর্টিং এর ৮ ম্যাচে পয়েন্ট এক।

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooo